গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
(প্রশাসন ও উন্নয়ন শাখা)
১৯৬ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি, বিজয়নগর, ঢাকা-১০০০.
www.dife.gov.bd

**বিষয় : ২০২১/২২ অর্থবছরের ১১তম মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।**

সভাপতি : মো: নাসির উদ্দিন আহমেদ, মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব)
সভার তারিখ : ২৬-০৬-২০২২ খ্রিস্টাব্দ
সভার সময় : সকাল ১১.০০ ঘটিকা
স্থান : প্রধান কার্যালয়ের সভাকক্ষ (লেভেল-১৩)
উপস্থিতি : **পরিশিষ্ট-ক**

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর, আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনাপূর্বক সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| ১। | গত সভার কার্য বিবরণী দৃঢ়ীকরণ | ২৪-০৪-২০২২ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী সম্পর্কে জানতে চাওয়া হলে উপস্থিত সকলে কার্যবিবরণী যথাযথভাবে লিপিবদ্ধ করা হয়েছে মর্মে জানান। | ২৪-০৪-২০২২ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণীতে কারো কোন আপত্তি/সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। | যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন) |
| ২। | আলোচ্য বিষয় অন্তর্ভুক্তি | উপমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন) বলেন যে, সভার কার্যপত্রের আলোচ্যসূচীতে নতুন কোন বিষয় অন্তর্ভূক্তির প্রস্তাব পাওয়া গেলে তা আলোচ্যসূচীতে অন্তর্ভুক্ত করা হবে। | পরবর্তি সভার কার্যপত্রের আলোচ্যসূচিতে নতুন কোন বিষয় অন্তর্ভুক্ত করতে চাইলে সংশ্লিষ্ট সকলকে সভা অনুষ্ঠানের অন্তত ০৩ (তিন) কার্যদিবস পূর্বে সে বিষয়ে লিখিত প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল। | ১। উপমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)<br>২। উপমহাপরিদর্শক (সকল জেলা) |
| ৩। | মুজিব জন্মশত বার্ষিকী উদযাপন | ক) প্রধান কার্যালয়/ উপমহাপরিদর্শকের কার্যালয়ের কোনো কর্মকর্তা বিভিন্ন অঞ্চলে দাপ্তরিক বা ব্যক্তিগত কাজে গেলে রোপিত বৃক্ষের সাম্প্রতিক অবস্থা পরিদর্শনপূর্বক কর্তৃপক্ষকে অবহিত করতে হবে।<br>খ) রোপনকৃত/জীবিত চারার হালনাগাদ তথ্য উপমহাপরিদর্শকের কার্যালয়সমূহ প্রধান কার্যালয়ে | ক) অত্র দপ্তরের কোনো কর্মকর্তা বিভিন্ন অঞ্চলে দাপ্তরিক বা ব্যক্তিগত কাজে গেলে রোপিত বৃক্ষের সাম্প্রতিক অবস্থা পরিদর্শনপূর্বক কর্তৃপক্ষকে অবহিতকরণ অব্যাহত রাখতে হবে।<br>খ) আগামী সভার পূর্বে রোপনকৃত/জীবিত চারার হালনাগাদ তথ্য উপমহাপরিদর্শকের | ১। প্রশাসন ও উন্নয়ন (প্রধান সমন্বয়কারী)<br>২। উপমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)<br>৩। উপমহাপরিদর্শক (স্বাস্থ্য)<br>৪। সংশ্লিষ্ট উপমহাপরিদর্শকবৃন্দ |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | | প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়।<br><br>খ) মুজিব জন্মশত বার্ষিকী উদযাপন উপলক্ষ্যে ডাইফের প্রধান কার্যালয় এবং উপমহাপরিদর্শকের কার্যালয় কর্তৃক গৃহীত কার্যক্রম সমন্বিতভাবে একটি প্রকাশনা (**মন্ত্রী মহোদয় এবং সচিব মহোদয়ের বাণীসহ**) পুস্তক আকারে জুলাই/২০২২ তারিখের মধ্যে প্রকাশ করা হবে।<br><br>গ) অতিরিক্ত মহাপরিদর্শক বলেন, তিন মাস পরপর (কোয়ার্টারলি) ডাইফ বুলেটিন নামে একটি প্রকাশনা **বাংলা এবং ইংরেজি ভাষায়** প্রকাশ করা হবে। | কার্যালয়সমূহকে প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে।<br><br>খ) মুজিব জন্মশত বার্ষিকী উদযাপন উপলক্ষ্যে ডাইফের প্রধান কার্যালয় এবং উপমহাপরিদর্শকের কার্যালয় কর্তৃক গৃহীত কার্যক্রম সমন্বিতভাবে একটি প্রকাশনা (**মন্ত্রী মহোদয় এবং সচিব মহোদয়ের বাণীসহ**) পুস্তক আকারে জুলাই/২০২২ তারিখের মধ্যে প্রকাশ করতে হবে।<br><br>গ) তিন মাস পরপর (কোয়ার্টারলি) ডাইফ বুলেটিন নামে একটি প্রকাশনা **বাংলা এবং ইংরেজি ভাষায়** প্রকাশ করতে হবে। | ৫। তথ্য ও গণসংযোগ কর্মকর্তা |
| ৪। | LIMA সংক্রান্ত কার্যক্রম | ক) মহাপরিদর্শক ১৫ জুলাই ২০২২ তারিখ থেকে নতুন এবং নবায়নকৃত লাইসেন্স লিমার মাধ্যমে প্রদানের এবং প্রধান কার্যালয়ের মনিটরিং টিম কর্তৃক এটি নিশ্চিত করার নির্দেশনা প্রদান করেন।<br><br>খ) ৩০ জুলাই ২০২২ তারিখের মধ্যে লিমা টিমের সদস্যরা একাধিক গ্রুপে বিভক্ত হয়ে উপমহাপরিদর্শকের কার্যালয়সমূহের কর্মকর্তাদেরকে ToT প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে।<br><br>গ) বিদ্যমান লাইসেন্সসমূহ লিমাতে নিয়ে আসার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে এবং লাইসেন্সের কোড ও নথির নাম্বারের সাথে সাদৃশ্য রেখে একই ধরণের (ইউনিফরম) করার জন্য লিমা টিম, টেকনোভিস্তার সমন্বয়ে একটি কমিটি গঠন করা হবে।<br><br>ঘ) GIZ-এর কাছে একজন টেকনিক্যাল এক্সপার্ট অনবোর্ড এবং একইসাথে জুলাই/২০২৩ পর্যন্ত | ক) ১৫ জুলাই/২০২২ থেকে নতুন এবং নবায়নকৃত লাইসেন্স লিমার মাধ্যমে প্রদান করতে হবে এবং প্রধান কার্যালয়ের মনিটরিং টিমকে এটি নিশ্চিত করতে হবে।<br><br>খ) ৩০ জুলাই ২০২২ তারিখের মধ্যে লিমা টিমের সদস্যরা একাধিক গ্রুপে বিভক্ত হয়ে উপমহাপরিদর্শকের কার্যালয়সমূহের কর্মকর্তাদেরকে ToT প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>গ) বিদ্যমান লাইসেন্সসমূহ লিমাতে নিয়ে আসতে হবে এবং লাইসেন্সের কোড ও নথির নাম্বারের সাথে সাদৃশ্য রেখে একই ধরণের (ইউনিফরম) করার জন্য লিমা টিম, টেকনোভিস্তার সমন্বয়ে একটি কমিটি গঠন করতে হবে। কমিটি প্রয়োজনে এক/একাধিক সদস্যকে কো-অপ্ট করতে পারবে।<br><br>ঘ) GIZ-এর কাছে একজন টেকনিক্যাল এক্সপার্ট অনবোর্ড এবং একইসাথে জুলাই/২০২৩ পর্যন্ত লিমার | ১। যুগ্মমহাপরিদর্শক (সাধারণ)<br><br>২। উপমহাপরিদর্শক (সেফটি)<br><br>৩। উপমহাপরিদর্শক (সকল জেলা)<br><br>৪। LIMA সাপোর্ট টিম |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | | লিমার কার্যক্রমকে সাপোর্ট করার জন্য টেকনোভিস্তাকে সম্পৃক্ত রাখা এবং মোবাইল অ্যাপসকে আপডেট করে দেওয়ার জন্য অনুরোধ করা হবে। | কার্যক্রমকে সাপোর্ট করার জন্য টেকনোভিস্তাকে সম্পৃক্ত রাখা এবং মোবাইল অ্যাপসকে আপডেট করে দেওয়ার জন্য অনুরোধ করতে হবে। | |
| ৫। | হেল্পলাইন (১৬৩৫৭)-এ প্রাপ্ত অভিযোগসমূহ নিষ্পত্তি | ক) ইনোভেশন টিম কর্তৃক শ্রম সম্পর্কিত অভিযোগ ফরমটি সভায় উপস্থিত উপমহাপরিদর্শকবৃন্দের মতামতের ভিত্তিতে সংযোজন ও বিয়োজনের মাধ্যমে সংশোধনপূর্বক ইনোভেশন টিম পরবর্তী সভায় উপস্থাপন করবে।<br><br>খ) হেল্পলাইনের যে তিনজন কর্মকর্তা ডেনমার্কে যাবেন তাঁরা দেশে ফিরে প্রতিবেদন দাখিল করবেন। | ক) ইনোভেশন টিম কর্তৃক শ্রম সম্পর্কিত অভিযোগ ফরমটি সভায় উপস্থিত উপমহাপরিদর্শকবৃন্দের মতামতের ভিত্তিতে সংযোজন ও বিয়োজনের মাধ্যমে সংশোধনপূর্বক ইনোভেশন টিম পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।<br><br>খ) হেল্পলাইনের যে তিনজন কর্মকর্তা ডেনমার্কে যাবেন তাঁরা দেশে ফিরে প্রতিবেদন দাখিল করতে হবে। | ১। উপমহাপরিদর্শক (সাধারণ)<br><br>২। উপমহাপরিদর্শক (সকল জেলা)<br><br>৩। আইসিটি সেল |
| ৬। | শিশুশ্রম নিরসন | (ক) প্রতি মাসে কতজন শিশু শ্রম হতে নিরসন হয়েছে তা প্রধান কার্যালয়ের স্বাস্থ্য শাখায় প্রেরণের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হবে। প্রতিবেদনে শ্রম হতে প্রত্যাহারকৃত শিশুর বিস্তারিত বিবরণ **(মোবাইল নাম্বারসহ অন্যান্য সকল তথ্য)** উল্লেখ থাকবে।<br><br>খ) শিশুশ্রম নিরসন ও পুনর্বাসন প্রকল্পটি ২০২১-২২ অর্থবছরে **RADP** তে অন্তর্ভুক্ত ছিলনা। প্রকল্পটি গ্রহণের নিমিত্ত ১৩টি জেলা কার্যালয় স্থাপন প্রকল্পের মাধ্যমে ৫ কোটি টাকার কম ব্যয়ে শিশুশ্রম নিরসন ও পুনর্বাসন প্রকল্পের সম্ভাব্যতা যাচাই **(Feasibility Study)** সংক্রান্ত প্রকল্পটির ডিপিপি প্রণয়নের কাজ চলমান আছে। ১৫ জুলাই ২০২২ তারিখের মধ্যে পূর্ণাঙ্গ ডিপিপি প্রস্তুতপূর্বক দাখিল করা হবে। | ((ক) প্রতি মাসে কতজন শিশু শ্রম হতে নিরসন হয়েছে তা প্রধান কার্যালয়ের স্বাস্থ্য শাখায় প্রেরণের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। প্রতিবেদনে শ্রম হতে প্রত্যাহারকৃত শিশুর বিস্তারিত বিবরণ **(মোবাইল নাম্বারসহ অন্যান্য সকল তথ্য)** উল্লেখ থাকতে হবে।<br><br>(খ) ১৫ জুলাই ২০২২ তারিখের মধ্যে পূর্ণাঙ্গ ডিপিপি প্রস্তুতপূর্বক দাখিল করতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (স্বাস্থ্য)<br><br>২। উপমহাপরিদর্শক (স্বাস্থ্য)<br><br>৩। উপমহাপরিদর্শক (সকল জেলা)<br><br>৪। পরিকল্পনা ও উন্নয়ন সেলের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দ<br><br>৫। উপমহাপরিদর্শক (ঢাকা) |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | | (গ) কেরানীগঞ্জের স্থানীয় পোশাক প্রস্তুতকারী ও সরবরাহকারী কারখানা/প্রতিষ্ঠানের শিশুশ্রম নিরসনের প্রণীত ০২ (দুই) বছর মেয়াদী কর্মপরিকল্পনা সময়াবদ্ধ কার্যক্রমের মাধ্যমে হচ্ছে কিনা তা পরবর্তী সভায় উপমহাপরিদর্শক, ঢাকা উপস্থাপন করবেন। | (গ) কেরানীগঞ্জের স্থানীয় পোশাক প্রস্তুতকারী ও সরবরাহকারী কারখানা/প্রতিষ্ঠানের শিশুশ্রম নিরসনের প্রণীত ০২ (দুই) বছর মেয়াদী কর্মপরিকল্পনা সময়াবদ্ধ কার্যক্রমের মাধ্যমে হচ্ছে কিনা তা পরবর্তী সভায় উপমহাপরিদর্শক, ঢাকাকে উপস্থাপন করতে হবে। | |
| ৭। | APA এর লক্ষ্যমাত্রা অর্জন | বগুড়া, টাংগাইল এবং সিলেট কার্যালয়কে লাইসেন্স প্রদান বিষয়ে কার্যকর ভূমিকা গ্রহণ করবে এবং অবশিষ্ট সময়ের মধ্যে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন করতে বলা হয়। | বগুড়া, টাংগাইল এবং সিলেট কার্যালয় লাইসেন্স প্রদান বিষয়ে কার্যকর ভূমিকা নিতে হবে এবং অবশিষ্ট সময়ের মধ্যে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে। | উপমহাপরিদর্শক (বগুড়া, টাংগাইল এবং সিলেট) |
| ৮। | অভ্যন্তরীণ প্রশিক্ষণ | উপমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন) জানান, ২০২১-২২ অর্থবছরে এপিএ চুক্তি অনুযায়ী কার্যক্রম অব্যাহত আছে মর্মে সকল উপমহাপরিদর্শকগণ সভাকে অবহিত করেন। এছাড়াও উপমহাপরিদর্শকের কার্যালয়সমূহে অভ্যন্তরীণ প্রশিক্ষণ আয়োজনের ক্ষেত্রে প্রধান কার্যালয় হতে রিসোর্স পার্সনকে আমন্ত্রণ জানালে প্রশিক্ষণটি আরো সাফল্যমন্ডিত হবে মর্মে আশাবাদ ব্যক্ত করেন। | (ক) APA সহ শুদ্ধাচার এবং ইনোভেশন কাঠামোর লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ সম্পাদন করতে হবে। পরবর্তী প্রতিটি সভায় এ সংক্রান্ত তথ্য-উপাত্ত উপস্থাপন করতে হবে।<br>(খ) অভ্যন্তরীণ প্রশিক্ষণে প্রযোজ্য ক্ষেত্রে "বাংলাদেশ শ্রম আইন-২০০৬" এবং "বাংলাদেশ শ্রম বিধিমালা-২০১৫"-এর বিভিন্ন অধ্যায় প্রশিক্ষণের বিষয় হিসাবে অন্তর্ভূক্ত করতে হবে।<br>(গ) অভ্যন্তরীণ প্রশিক্ষণে প্রধান কার্যালয়ের রিসোর্স পার্সনদেরকে অন্তর্ভূক্ত করতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)<br>২। উপমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন<br>৩।উপমহাপরিদর্শক (সকল জেলা)<br>৪। প্রশিক্ষণ সেলের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা<br>৫। SDG বিষয়ক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
| ৯। | বাজেট বরাদ্দ | উপমহাপরিদর্শকের কার্যালয়সমূহের অনুকূলে বাজেট যথাযথভাবে **PPA-২০০৬** এবং **PPR-২০০৮** অনুসরণপূর্বক খরচ করার বিষয়ে মহাপরিদর্শক নির্দেশনা প্রদান করেন। | ১। সকল উপমহাপরিদর্শকের কার্যালয়ের অনুকূলে বরাদ্দকৃত বাজেট সরকারি অনুশাসন মোতাবেক খরচ করতে হবে।<br>**২**। প্রধান কার্যালয়ের মনিটরিং টিম এ বিষয়টি নিশ্চিত করার ক্ষেত্রে সরেজমিনে পরিদর্শন পূর্বক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন এবং পরবর্তী প্রতিটি সভায় এ সংক্রান্ত প্রতিবেদন প্রত্যেক মনিটরিং টিম পৃথকভাবে উপস্থাপন করবেন। | ১। যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)<br>২। উপমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)<br>৩। হিসাব উপশাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা<br>৪। মনিটরিং টিমের সদস্যবৃন্দ<br>৫। উপমহাপরিদর্শক (সকল জেলা) |
| | | | | |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| ১০। | Industrial safety unit (ISU) | ক) মে মাসের মধ্যে National Initiative এর অধীন ৩৭টি কারখানা পরিদর্শন করে তার সারসংক্ষেপ (summary) তালিকা উপমহাপরিদর্শকদের প্রেরণের অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করা হবে।<br><br>খ) Better work এর সাথে ০৯-০৫-২০২২ তারিখের মিটিং-এর সিদ্ধান্ত অনুযায়ী একটি কমিটি গঠন করা হবে। | ক) মে মাসের মধ্যে National Initiative এর অধীন ৩৭টি কারখানা পরিদর্শন করে তার সারসংক্ষেপ (summary) তালিকা উপমহাপরিদর্শকদেরকে প্রেরণের অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করা হবে।<br><br>খ) Better work এর সাথে ০৯-০৫-২০২২ তারিখের মিটিং-এর সিদ্ধান্ত অনুযায়ী একটি কমিটি গঠন করতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (সেফটি)<br>২। সহকারী মহাপরির্শক (সেফটি)<br>৩। সংশ্লিষ্ট উপমহাপরিদর্শকগণ |
| ১১ | ইনোভেশন কার্যক্রম | ক) এপিএ, শুদ্ধাচার কাঠামোয় ইনোভেশন সংক্রান্ত লক্ষ্যমাত্রা অর্জনের সকল প্রমাণক প্রদানের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হবে।<br><br>খ) ২০২২-২০২৩ অর্থবছরে ইনোভেশন খাতে জেলা কার্যালয়গুলোকে বাজেট বরাদ্দের নিমিত্ত কোড প্রাপ্তির লক্ষ্যে মন্ত্রণালয়ে পত্র প্রেরণের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হবে। | ক) এপিএ, শুদ্ধাচার কাঠামোয় ইনোভেশন সংক্রান্ত লক্ষ্যমাত্রা অর্জনের সকল প্রমাণক প্রদানের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।<br><br>খ) ২০২২-২০২৩ অর্থবছরে ইনোভেশন খাতে জেলা কার্যালয়গুলোকে বাজেট বরাদ্দের নিমিত্ত কোড প্রাপ্তির লক্ষ্যে মন্ত্রণালয়ে পত্র প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। উপমহাপরিদর্শক (সকল জেলা)<br>২। প্রধান কার্যালয়ের ইনোভেশন টিম |
| ১২ | ই-ফাইলিং | অধিদপ্তরের সকল কার্যক্রম শতভাগ ই-ফাইলের মাধ্যমে সম্পন্ন করার জন্য সকল উপমহাপরিদর্শকের কার্যালয় ও প্রধান কার্যালয়কে উদ্যোগ গ্রহণ করার জন্য মহাপরিদর্শক নির্দেশনা প্রদান করেন। | সকল দাপ্তরিক কার্যক্রম শতভাগ ই-ফাইলের মাধ্যমে করতে হবে। | ১। উপমহাপরিদর্শক (সকল জেলা) |
| ১৩ | নিজস্ব অফিস ভবন নির্মাণ | উপমহাপরিদর্শক (রাজশাহী), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের নিজস্ব প্রধান কার্যালয় আগাঁরগাও স্থাপনের জন্য উদ্যোগ গ্রহণ করার বিষয়টি বিবেচনার অনুরোধ করেন।<br>মহাপরিদর্শক বলেন, প্রধান কার্যালয়ের জন্য আগারগায়ে ১০ (দশ) কাঠা জমি বরাদ্দের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মন্ত্রণালয়কে অনুরোধ করা যায়। | (ক) সকল নতুন ভবন অধিদপ্তরের নিজ নামে অধিগ্রহণ করতে হবে।<br>(খ) আগারগাঁও, ঢাকায় কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের প্রধান কার্যালয় স্থাপন এর জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)<br>২। উপমহাপরিদর্শক (সকল জেলা) |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| ১৪ | অধিদপ্তরের নাম পরিবর্তন | ILO কনভেনশন-৮১ মোতাবেক, সভায় উপস্থিত সকল সদস্য অধিদপ্তরের নাম পরিবর্তন করে **'শ্রম পরিদর্শন অধিদপ্তর'** করা যায় মর্মে একমত পোষণ করেন। | অধিদপ্তরের পরিবর্তিত নাম হিসাবে **'শ্রম পরিদর্শন অধিদপ্তর'** নামটি বিবেচনার জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন) |
| ১৫ | SDG বিষয়ক কার্যক্রম | SDG বাস্তবায়নে সংশ্লিষ্ট টিমের কার্যক্রম চলমান থাকবে এবং মহাপরিদর্শক গত ১ (এক) মাসের অগ্রগতি পরবর্তি সভায় উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন । | SDG বাস্তবায়নে সংশ্লিষ্ট টিমের কার্যক্রম চলমান থাকবে এবং গত ১ (এক) মাসের অগ্রগতি পরবর্তি সভায় উপস্থাপন করতে হবে। | ১) যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)<br>২) উপমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)<br>৩) উপমহাপরিদর্শক (সকল জেলা)<br>৪) SDG বাস্তবায়নে নিয়োজিত কর্মকর্তা |
| ১৬ | দুর্ঘটনা সংক্রান্ত তথ্যাদি | (ক) সভায় উপস্থিত সকলে চট্টগ্রামের বি.এম কন্টেইনারে সংগঠিত দুর্ঘটনায় নিহত শ্রমিকদের প্রতি সমবেদনা জ্ঞাপন করেন এবং এজাতীয় দুর্ঘটনা যেন পরবর্তীতে না হয় সে ব্যাপারে সবাইকে সজাগ থাকার জন্য বলেন।<br><br>খ) চট্টগ্রামের বি.এম কন্টেইনারে অগ্নিকান্ডে আহত/নিহত শ্রমিকের তথ্য পরবর্তী সভায় উপস্থাপনের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য মহাপরিদর্শক নির্দেশনা প্রদান করেন।<br><br>গ) সভায় কোন এলাকায় দুর্ঘটনা ঘটলে/শ্রমিক আহত-নিহত হলে আইন ও বিধিমতে দ্রুত ব্যবস্থা গ্রহণ এবং তদন্ত প্রতিবেদনে অবশ্যই মালিক ও অধিদপ্তরের কর্মকর্তাদের যদি দোষ-ত্রুটি/অবহেলা থাকে তা উল্লেখ করার জন্য নির্দেশনা প্রদান করেন।<br><br>(গ) মহাপরিদর্শক দুর্ঘটনা | ক) চট্টগ্রামের বি.এম কন্টেইনারে অগ্নিকান্ডের আহত/নিহত শ্রমিকের তথ্য পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।<br><br>(খ) কোন এলাকায় দুর্ঘটনা ঘটলে/শ্রমিক আহত-নিহত হলে আইন ও বিধিমতে দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং তদন্ত প্রতিবেদনে অবশ্যই মালিক ও অধিদপ্তরের কর্মকর্তাদের যদি দোষ-ত্রুটি/অবহেলা থাকে তা উল্লেখ করতে হবে।<br><br>(গ) দুর্ঘটনা প্রতিবেদন, দুর্ঘটনা হওয়ার সঙ্গে সঙ্গে প্রধান কার্যালয়কে অবগত করতে হবে এবং আইন ও বিধি মোতাবেক দুর্ঘটনায় নিহত/আহত শ্রমিক বা শ্রমিকের পরিবারকে ক্ষতিপূরণ প্রাপ্তি নিশ্চিত করতে হবে।<br><br>(ঘ) দুর্ঘটনা প্রতিবেদন দাখিলের জন্য | ১। যুগ্মমহাপরিদর্শক (সেফটি)<br>২। উপমহাপরির্শক (সাধারণ)<br>৩। উপমহাপরিদর্শক (সকল জেলা) |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | | প্রতিবেদন, দুর্ঘটনা হওয়ার সঙ্গে সঙ্গে প্রধান কার্যালয়কে অবগত করার পাশাপাশি আইন ও বিধি মোতাবেক দূর্ঘটনায় নিহত/আহত শ্রমিক বা শ্রমিকের পরিবারকে ক্ষতিপূরণ প্রাপ্তি নিশ্চিত করার নির্দেশনা প্রদান করেন।<br><br>ঘ) দুর্ঘটনা প্রতিবেদন দাখিলের জন্য মালিকদের সচেতনতার পাশাপাশি বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করার নির্দেশনা প্রদান করা হয়। | মালিকদের সচেতন করতে হবে এবং পাশাপাশি বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |
| ১৭ | শ্রম অসন্তোষ | মহাপরিদর্শক আসন্ন পবিত্র ইদুল আজহা উপলক্ষ্যে সকল প্রকার শ্রম অসন্তোষ নিরসনের লক্ষ্যে নিয়মিত তদারকি জোরদার করার জন্য সবাইকে সচেষ্ট থাকার পাশাপাশি কর্মকর্তাদের শুক্রবার, শনিবার কর্মক্ষেত্রে অবস্থানের জন্য নির্দেশনা প্রদান করা হয়।<br><br>খ) আসন্ন ইদুল আজহা উপলক্ষ্যে সকল প্রকার শ্রম অসন্তোষ নিরসনের লক্ষ্যে ফোকাল পয়েন্ট কর্মকর্তা নির্ধারণ ও কন্ট্রোল রুম স্থাপন করে প্রধান কার্যালয়কে অবহিত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। | আসন্ন পবিত্র ইদুল আজহা উপলক্ষ্যে সকল প্রকার শ্রম অসন্তোষ নিরসনের লক্ষ্যে নিয়মিত তদারকি জোরদার করার জন্য সবাইকে সচেষ্ট থাকার পাশাপাশি কর্মকর্তাদের ঈদুল আযহা পর্যন্ত শুক্রবার, শনিবার কর্মক্ষেত্রে অবস্থান করতে হবে।<br><br>খ) আসন্ন ইদুল আজহা উপলক্ষ্যে সকল প্রকার শ্রম অসন্তোষ নিরসনের লক্ষ্যে ফোকাল পয়েন্ট কর্মকর্তা নির্ধারণ ও কন্ট্রোল রুম স্থাপন করে প্রধান কার্যালয়কে অবহিত করতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (সাধারণ)<br>২। উপমহাপরিদর্শক (সাধারণ),<br>৩। উপমহাপরিদর্শক (সকল জেলা) |
| ১৮ | পরিদর্শন সংক্রান্ত | মহাপরিদর্শক, নিয়মিত পরিদর্শন কার্যক্রম জোরদার করার জন্য সকল জেলার উপমহাপরিদর্শকগণকে অনুরোধ করেন। তিনি আরও বলেন যে, উপমহাপরিদর্শকের কার্যালয়গুলোর অধিক্ষেত্রাধীন সকল কলকারখানা প্রমাপ অনুযায়ী পরিদর্শনের আওতায় আনতে হবে। কোন কারখানা পরিদর্শনের বাইরে রাখা যাবে; এ বিষয়টি নিশ্চিত করতে হবে। | (ক) উপমহাপরিদর্শকের কার্যালয়গুলোর অধিক্ষেত্রাধীন সকল কলকারখানা পরিদর্শনের আওতায় আনতে হবে।<br><br>(খ) প্রমাপ অনুযায়ী পরিদর্শনের তথ্য প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে এবং সাধারণ শাখা তা নিশ্চিত করবেন। | ১। যুগ্মমহাপরিদর্শক (সাধারণ)<br>২। উপমহাপরিদর্শক (স্বাস্থ্য)<br>৩। উপমহাপরিদর্শক (সকল জেলা) |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| ১৯ | অভিযোগ নিষ্পত্তি | উপমহাপরিদর্শক (সাধারণ) জানান যে, অত্র অধিদপ্তরের ২০২১-২২ (মে মাসের) অর্থবছরের অভিযোগ নিষ্পত্তির হার ৯৯.৩১%। প্রতি মাসে অভিযোগ নিষ্পত্তির প্রতিবেদন ২৩ টি জেলা কার্যালয় হতে সংগ্রহ করা হয় এবং সংগৃহীত প্রতিবেদন সমন্বয় করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। | (ক) অভিযোগ নিষ্পত্তির হার ১০০% অব্যাহত রাখতে হবে।<br><br>(খ) অভিযোগ নিষ্পত্তির প্রতিবেদন প্রেরণ অব্যাহত থাকবে।<br><br>(গ) পরবর্তি সভায় জেলাভিত্তিক অভিযোগ নিষ্পত্তির তথ্য ছক আকারে উপস্থাপন করতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (সাধারণ)<br>২।উপমহাপরিদর্শক (সকল জেলা) |
| ২০ | শুদ্ধাচার | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা বলেন কাঠামো অনুযায়ী কার্যক্রম চলমান রয়েছে। ২০২১-২২ অর্থবছরের শুদ্ধাচার কাঠামোর অন্তর্ভুক্ত সকল সূচকে ৩য় কোয়ার্টারে শতভাগ লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে এবং ৪র্থ কোয়ার্টারে লক্ষ্যমাত্রা অর্জনে কার্যক্রম চলমান রয়েছে। যথাসময়ে প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা ২৩ জেলার সাথে যোগাযোগ রাখবেন। ২০২১-২২ অর্থবছরের শুদ্ধাচার কাঠামোয় অন্তর্ভুক্ত সকল সূচকে শতভাগ অর্জন নিশ্চিত করতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)<br><br>২। উপমহাপরিদর্শক (স্বাস্থ্য)<br><br>৩। উপমহাপরিদর্শক (সকল জেলা) |
| ২১ | কোভিড-১৯ | মহাপরিদর্শক বর্তমান কোভিড-১৯ সংক্রমণ পূর্বের তুলনায় বৃদ্ধি পাওয়ায় স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সম্পাদন ও পরিদর্শন কার্যক্রম অব্যাহত রাখতে হবে মর্মে সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন। | বর্তমান কোভিড-১৯ পরিস্থিতিতে স্বাস্থ্য প্রটোকলসহ সকল স্বাস্থ্য বিধি প্রতিপালন এবং স্বাস্থ্য বিধি মেনে পরিদর্শন কার্যক্রম নিশ্চিত করতে হবে। | উপমহাপরিদর্শক (সকল জেলা) |
| ২২ | ডাইফের আধুনিকায়ন ও শক্তিশালীকরণ এবং ১৩টি জেলা কার্যালয় স্থাপন (১ম সংশোধিত) প্রকল্প | ক) প্রকল্প পরিচালক সভায় বলেন, জেলা প্রশাসকের কার্যালয়ের সাথে জমি অধিগ্রহণের বিষয়ে সার্বক্ষণিক যোগাযোগ রাখা হচ্ছে। পাবনা, মুন্সিগঞ্জ, সিলেট, যশোর, টাংগাইল এবং কিশোরগঞ্জ কার্যালয়ের ভূমি অধিগ্রহণের কাজ চলমান।<br><br>খ) মহাপরিদর্শক প্রকল্পের ঠিকাদারের বিল পেমেন্ট হবে সেক্ষেত্রে সংশ্লিষ্ট উপমহাপরিদর্শকের অনাপত্তিপত্র গ্রহণের নির্দেশনা প্রদান করেন।। | (ক) দ্রুততম সময়ের মধ্যে প্রযোজ্য ক্ষেত্রে জমিগুলোর অধিগ্রহণ সম্পন্ন করতে হবে। পরবর্তি সভায় প্রকল্প পরিচালক অগ্রগতি উপস্থাপন করবেন।<br><br>খ) যখন প্রকল্পের ঠিকাদারের বিল পেমেন্ট হবে সেক্ষেত্রে সংশ্লিষ্ট উপমহাপরিদর্শকের অনাপত্তিপত্র লাগবে। | প্রকল্প পরিচালক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন আধুনিকায়ন ও শক্তিশালীকরণ এবং ১৩ টি জেলা কার্যালয় স্থাপন প্রকল্প |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| ২৩ | "NOSHTRI" স্থাপন প্রকল্প | প্রকল্পের প্রকল্প পরিচালক সভায় বলেন, প্রকল্পের কাজ শতভাগ সম্পন্ন হয়নি। মোট ৯টি কাঠামোর মধ্যে ৮টি কাঠামোর কাজ ৮০% সমন্ন হয়েছে। মহাপরিদর্শক বিধি মোতাবেক কাজের বিল পরিশোধের এবং অবশিষ্ট কাজের সার্বিক মূল্যায়নের জন্য একটি কমিটি গঠনের নির্দেশনা প্রদান করেন।<br>প্রকল্পের PCR জুলাই/২০২২ মাসের প্রথম সপ্তাহে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করা হবে। | ক) বিধি মোতাবেক কাজের বিল পরিশোধে করতে হবে।<br><br>খ) মূল্যায়ন কমিটি : জনাব ফরিদ আহাম্মদ- আহবায়ক; জনাব মো: আরিফুল ইসলাম, উপমহাপরিদর্শক, রাজশাহী; জনাব মো: রাশিদুল ইসলাম, সাব-ডিভিশনাল ইঞ্জিনিয়ার, রাজশাহী; জনাব হারুন-অর-রশিদ, শ্রম পরিদর্শক (সেইফটি); জনাব বিশ্বনাথ মোহন্ত, শ্রম পরিদর্শক (সেইফটি); জনাব আকরাম, শ্রম পরিদর্শক (সেইফটি) এবং জনাব আব্দুল আউয়াল, সহকারী মহাপরিদর্শক (সেইফটি), সদস্য সচিব। কমিটিকে ১৫ জুলাইয়ের মধ্যে প্রতিবেদন দাখিল করতে হবে<br><br>গ) প্রকল্পের PCR জুলাই/২০২২ মাসের প্রথম সপ্তাহে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রকল্প পরিচালক, "NOSHTRI" স্থাপন প্রকল্প |
| ২৪ | আহত/নিহত শ্রমিকের অনুদান প্রাপ্তি | ক) উপমহাপরিদর্শক সাধারণ বলেন, হাসেম ফুডের নিহত ০৬ (ছয়) জন শ্রমিকের জন্য সরকার কর্তৃক নির্ধারিত অনুদানের প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করা হলেও অদ্যাবধি তা পাওয়া যায়নি। এ ব্যাপারে যোগাযোগ অব্যহত আছে।<br><br>খ) উপমহাপরিদর্শকের কার্যালয়, ঢাকা হতে পুরানা ঢাকায় কেমিক্যাল কারখানায় নিহত ০৫ (পাঁচ) জন শ্রমিকের প্রাপ্ত তথ্য স্বল্পসময়ের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণের লক্ষ্যে প্রধান কার্যালয়ের সাধারণ শাখাকে নির্দেশনা প্রদান করা হয়।<br><br>গ) বগুড়ায় নিহত ০৩ (তিন) জন শ্রমিকের অনুদানের চেকের হালনাগাদ তথ্য পরবর্তী সভায় সাধারণ শাখার উপমহাপরিদর্শক উপস্থাপন করবেন বলে জানান। | (ক) হাসেম ফুডের নিহত ০৬ (ছয়) জন শ্রমিকের জন্য সরকার কর্তৃক নির্ধারিত অনুদানের প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করা হলেও অদ্যাবধি তা পাওয়া যায়নি। এ ব্যাপারে যোগাযোগ অব্যহত রাখতে হবে।<br><br>(খ) পুরানা ঢাকায় কেমিক্যাল কারখানায় নিহত ০৫ (পাঁচ) জন শ্রমিকের প্রাপ্ত তথ্য স্বল্পসময়ের মধ্যে প্রধান কার্যালয়ের সাধারণ শাখা মন্ত্রণালয়ে প্রেরণ করবে।<br><br>(গ) বগুড়ায় নিহত ০৩ (তিন) জন শ্রমিকের অনুদানের চেকের হালনাগাদ তথ্য পরবর্তী সভায় সাধারণ শাখার উপমহাপরিদর্শক উপস্থাপন করবেন। | ১। যুগ্মমহাপরিদর্শক (সাধারণ)<br><br>২। উপমহাপরিদর্শক (সাধারণ)<br><br>৩। উপমহাপরিদর্শক (সকল জেলা) |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | | ঘ) চট্টগ্রামের বি.এম কন্টেইনারে অগ্নিকান্ডের আহত/নিহত শ্রমিকের তথ্য পরবর্তী সভায় উপস্থাপনের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য মহাপরিদর্শক নির্দেশনা প্রদান করেন। | ঘ) চট্টগ্রামের বি.এম কন্টেইনারে অগ্নিকান্ডের আহত/নিহত শ্রমিকের তথ্য পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | |
| ২৫ | আউটসোর্সিং লাইসেন্স নবায়ন প্রতিবেদন | মহাপরিদর্শক বলেন যে, প্রধান কার্যালয় হতে আউটসোর্সিং লাইসেন্স প্রদানের জন্য জেলা কার্যালয় হতে সরেজমিনে পরিদর্শন প্রতিবেদনে উপমহাপরিদর্শকের সুস্পষ্ট ও সুনির্দিষ্ট মতামত থাকতে হবে। | প্রধান কার্যালয় হতে আউটসোর্সিং লাইসেন্স প্রদানের জন্য জেলা কার্যালয় হতে সরেজমিনে পরিদর্শন প্রতিবেদনে উপমহাপরিদর্শকের সুস্পষ্ট ও সুনির্দিষ্ট মতামত থাকতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (সাধারণ)<br>২। উপমহাপরিদর্শক (সকল জেলা) |
| ২৬ | শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনে জমাকৃত অর্থ | **ক)** যুগ্মমহাপরিদর্শক (সাধারণ) বলেন যে, নিয়মিত পরিদর্শনকালে পরিদর্শকগণ অবশ্যই প্রযোজ্য ক্ষেত্রে কলকারখানা/প্রতিষ্ঠান কর্তৃক আইন ও বিধি মোতাবেক শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনে অর্থ জমাদানের বিষয়টি নিশ্চিত প্রয়োজন।<br><br>খ) মহাপরিদর্শক, এক্সেল শীটে জমাকৃত টাকার পরিমাণ সংরক্ষণ করার নির্দেশনা প্রদান করেন। | ক) নিয়মিত পরিদর্শনকালে পরিদর্শকগণ অবশ্যই প্রযোজ্য ক্ষেত্রে কলকারখানা/প্রতিষ্ঠান কর্তৃক আইন ও বিধি মোতাবেক শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনে অর্থ জমাদানের বিষয়টি নিশ্চিত করবেন।<br><br>খ) এক্সেল শীটে জমাকৃত টাকার পরিমাণ সংরক্ষণ করতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (সাধারণ)<br>২। উপমহাপরিদর্শক (সকল জেলা) |
| ২৭ | প্রতিটি কারখানার জন্য পৃথক নথি সংরক্ষণ | যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন) বলেন যে, জেলা কার্যালয়গুলোতে প্রতিটি কারখানা/প্রতিষ্ঠানের জন্য পৃথক নথি সংরক্ষণ করার জন্য বিগত সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। প্রতিটি কার্যালয় সিদ্ধান্ত মোতাবেক প্রতিটি কারখানা/প্রতিষ্ঠানের জন্য পৃথক নথি সংরক্ষণ করেন মর্মে অগ্রগতি প্রতিবেদনে উল্লেখ করেছেন। | সকল জেলা কার্যালয়ে প্রতিটি কারখানা/ প্রতিষ্ঠানের জন্য পৃথক নথি সংরক্ষণ করতে হবে। প্রধান কার্যালয়ের মনিটরিং টিম বিষয়টি পর্যবেক্ষণ করবেন। | ১। উপমহাপরিদর্শক (সকল জেলা)<br>২। মনিটরিং টিম |
| ২৮ | প্রতিটি কারখানার পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ | যুগ্মমহাপরিদর্শক (সাধারণ) বলেন যে, নিয়মিত পরিদর্শন কার্যক্রম আরও কার্যকর করার নিমিত্ত প্রতিটি কারখানা/প্রতিষ্ঠানের পরিদর্শন রেজিস্টার জেলা কার্যালয়গুলোতে সংরক্ষণ করা হচ্ছে এবং কার্যক্রমটি চলমান থাকবে। | সকল জেলা কার্যালয় প্রতিটি কারখানা/প্রতিষ্ঠানে পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ নিশ্চিত করতে হবে। | ১। উপমহাপরিদর্শক (সকল জেলা) |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | | | | |
| ২৯ | ইপিজেড এবং এসইপিজেড পরিদর্শন | ইপিজেড এবং এসইপিজেড-এর কারখানাসমূহ বিধি মোতাবেক পরিদর্শন করার জন্য মহাপরিদর্শক মহোদয় সকল জেলার উপমহাপরিদর্শকগণকে নির্দেশনা প্রদান করেন। | ইপিজেড এবং এসইপিজেড- এর কারখানাসমূহ বিধি মোতাবেক পরিদর্শন করতে হবে এবং জেলা ভিত্তিক পরিদর্শনের তথ্য পরবর্তি সভার পূর্বে প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (সাধারণ)<br>২। উপমহাপরিদর্শক (সকল জেলা) |
| ৩০ | টাস্কফোর্সের কার্যক্রম পরিচালনা | টাস্কফোর্সের কার্যক্রম সম্পর্কে জানতে চাওয়া হলে যুগ্মমহাপরিদর্শক (সেইফটি) বলেন যে, টাস্কফোর্সের সভাগুলো নিয়মিত আয়োজন করা হচ্ছে। দ্রুত একটি সভা আয়োজন করে টাস্কফোর্সের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের উপস্থিতিতে মহাপরিদর্শক মহোদয়কে সার্বিক অগ্রগতি উপস্থাপন করা হবে। | বিভিন্ন ক্যাটাগরীতে (ফায়ার, ইলেক্ট্রিক্যাল, স্ট্রাকচারাল) টাস্কফোর্সের-এর অধীনে জেলাভিত্তিক কারখানার সংখ্যা এবং তন্মধ্যে কতটি কারখানার কার্যক্রম অনিস্পন্ন রয়েছে, তা অনতিবিলম্বে মহাপরিদর্শক মহোদয়কে অবহিত করতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (সেফটি)<br>০২। টাস্কফোর্সে নিয়োজিত প্রকৌশলী (সকল) |
| ৩১ | মনিটরিং টিম-এর কার্যক্রম | জেলা কার্যালয়সমূহের কার্যক্রম পরিবীক্ষণের নিমিত্ত প্রধান কার্যালয়ে গঠিত মনিটরিং টিম-এর বিষয়ে সভায় আলোচনা করা হয়। মহাপরিপরিদর্শক বলেন যে, পরিদর্শন কার্যক্রম যথাসময়ে শেষ করতে হবে। | (ক) গৃহীত কর্মপরিকল্পনা অনুযায়ী মনিটরিং-এর কার্যক্রম সম্পন্ন করতে হবে।<br>(খ) মনিটরিং কার্যক্রমের অগ্রগতি পরবর্তি সভায় উপস্থাপন করবেন। | ১। মনিটরিং টিমের সদস্যবৃন্দ |
| ৩২ | পরিদর্শকগণের পোশাক সংক্রান্ত | নমুনা কটি/ইউনিফরম প্রস্তুতপূর্বক অগ্রণীপত্রসহ কটি/ইউনিফরম মন্ত্রণালয়ে ১৮ জুন ২০২২ তারিখে প্রেরণ করা হয়েছে। | মন্ত্রনালয়ে প্রেরিত কটি/ইউনিফরম-এর অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)<br>২। উপমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন) |
| ৩৩ | বিডার সমন্বিত পরিদর্শন ও পর্যবেক্ষণ কার্যক্রম | মহাপরিদর্শক সভায় বলেন, সমন্বিত পরিদর্শন ও পর্যবেক্ষণ টিমের সাথে নিবিড়ভাবে যোগাযোগ রেখে সুষ্ঠুভাবে কার্যক্রম সম্পন্ন করতে হবে। ঢাকা শহরের বহুতল বাণিজ্যিক ভবন (মার্কেট ভবন) পরিদর্শনের নিমিত্ত গঠিত ১১টি টিমের প্রজ্ঞাপন জারি করা হয়েছে এবং ১০৭২টি মার্কেটের তালিকা করা হয়েছে।<br>ঈদুল আযহার পূর্বেই নির্ধারিত | ক) পরিদর্শন সংক্রান্ত অগ্রগতি প্রতিবেদন পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।<br>খ) ঈদুল আযহার পূর্বেই নির্ধারিত মার্কেটসমূহ পরিদর্শন এবং যথাযসময়ের মধ্যে অবশিষ্ট পরিদর্শন কার্যক্রম সম্পন্ন করতে হবে। | ১। অতিরিক্ত মহাপরিদর্শক, প্রধান কার্যালয় ও এ লক্ষ্যে গঠিত কমিটির অন্যান্য সদস্যবৃন্দ<br>২। উপমহাপরিদর্শক (সকল জেলা) |

চলমান পাতা- ১২

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | | মার্কেটসমূহ পরিদর্শন করার এবং যথাযসময়ের মধ্যে অবশিষ্ট পরিদর্শন কার্যক্রম সম্পন্ন করার নির্দেশনা প্রদান করা হয়। | | |
| ৩৪ | মামলা সংক্রান্ত তথ্য-উপাত্ত | মহাপরিদর্শক বলেন, মামলা সংক্রান্ত তথ্য-উপাত্তের জন্য একটি ডাটাব্যাজ তৈরি করতে হবে। এবিষয়ে আইন কর্মকর্তা যোগাযোগ মন্ত্রণালয়ের আইন শাখার সাথে যোগাযোগ করবেন। | মামলা সংক্রান্ত তথ্য-উপাত্তের জন্য একটি ডাটাব্যাজ তৈরি বিষয়ে আইন কর্মকর্তা যোগাযোগ মন্ত্রণালয়ের আইন শাখার সাথে যোগাযোগ করে পরবর্তী সভায় এর অগ্রগতি উপস্থাপন করবেন।। | ১। উপমহাপরিদর্শক (সকল জেলা)<br><br>২। মোঃ মাসুম বিল্লাহ, আইন কর্মকর্তা |
| ৩৫ | অডিট আপত্তি | শ্রম পরিদর্শক (সাধারণ) জনাব ওহীদুর রহমান জানান যে, সর্বমোট ২৮টি অডিট আপত্তির মধ্যে ০৭টি অডিট আপত্তি নিষ্পন্ন হয়েছে। অবশিষ্ট ২১টির ব্রডশিট জবাব প্রেরণ করা হয়েছে। মহাপরিদর্শক দ্বিপক্ষীয় সভা ১৫ জুলাই ২০২২ তারিখের মধ্যে করার এবং সংশ্লিষ্ট সকলকে পত্র প্রদানের নির্দেশনা প্রদান করেন। | (ক) অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পন্ন করতে হবে।<br><br>(খ) অডিট আপত্তি নিষ্পত্তির সর্বশেষ অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।<br>গ) দ্বিপক্ষীয় সভা ১৫ জুলাই ২০২২ তারিখের মধ্যে করতে হবে এবং সংশ্লিষ্ট সকলকেস্পত্র প্রেরণ করতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (প্রসাসন ও উন্নয়ন)<br><br>২। উপমহাপরিদর্শক (সকল জেলা)<br><br>৩। জনাব মোঃ ওহীদুর রহমান, শ্রম পরিদর্শক (সাধারণ) |
| ৩৬ | ডাইফের অফিসিয়াল ওয়েবসাইট আপডেট | ডাইফের অফিসিয়াল ওয়েবসাইট আপডেট করা প্রয়োজন। | ডাইফের অফিসিয়াল ওয়েবসাইট নিয়মিত আপডেট করতে হবে। | আইসিটি সেল, ডাইফ |
| ৩৭ | পদোন্নতি | অতিরিক্ত মহাপরিদর্শক প্রতিমাসে এ বিষয়ের অগ্রগতি সম্পর্কে অবহিত করবেন। | অতিরিক্ত মহাপরিদর্শক প্রতিমাসে এ বিষয়ের অগ্রগতি সম্পর্কে পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | অতিরিক্ত মহাপরিদর্শক |
| ৩৮ | বিবিধ | (ক) সভায় ILO, NAP এবং EU Road Map বাস্তবায়ন বিষয়ে আলোচনা হয়।<br><br>(খ) বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ অনুযায়ী পরিদর্শকগণের কর্মএলাকা বণ্টনের পূর্বে মহাপরিদর্শকের অনুমতি গ্রহণের বিষয়টি সভায় আলোচনা হয়। | (ক) ILO, NAP এবং EU Road Map বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে বিশেষ নজর দেয়ার জন্য অনুরোধ করা হলো।<br><br>(খ) বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ অনুযায়ী মহাপরিদর্শক পরিদর্শকগণের কর্মএলাকা বণ্টনের অনুমোদন দিবেন। এ সংক্রান্ত পূর্বের সকল আদেশ বাতিল করা হলো। সাধারণ শাখা এ বিষয়ে একটি প্রজ্ঞাপন জারি | ১। অতিরিক্ত মহাপরিদর্শক<br><br>২। যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)<br><br>৩। উপমহাপরিদর্শক (সাধারণ শাখা)<br><br>৪। উপমহাপরিদর্শক (সকল জেলা) |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | | গ) তথ্য ও গণসংযোগ কর্মকর্তা সভায় বলেন, বিভিন্ন ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার শ্রম বিটের সাংবাদিকদের এবং টেলিভিশন এসাইনমেন্ট সম্পাদকদের জন্য দপ্তরের পেশাগত সম্পর্কের স্বার্থে আপ্যায়ন ও আনুষাঙ্গিক বিষয়ে বাজেট হতে ব্যয় করা যেতে পারে। | করবে।<br><br>গ) ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাথে দপ্তরের পেশাগত সম্পর্কের স্বার্থে আপ্যায়ন ও আনুষাঙ্গিক বিষয়ে বাজেট হতে ব্যয়ের ক্ষেত্রে আর্থিক বিধিবিধান পালনপূর্বক বিল দাখিল করতে হবে। | |

২। সকলের সুস্থতা কামনা করে পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৯.০৬.২০২২

(মোঃ নাসির উদ্দিন আহমেদ)
মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব)
ফোন: ০২-৮৩৯১৩৪৮
ig@dife.gov.bd

স্মারক নং: ৪০.০১.০০০০.১০১.০৬.০০২.২১- ১০৮০ (৪৮) তারিখ: ২৯ জুন ২০২২

**বিতরণ: জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-**

১। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)

২। সচিব মহোদয়ের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

৩। অতিরিক্ত মহাপরিদর্শক (যুগ্মসচিব), প্রধান কার্যালয়, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, ঢাকা

৪-৭। প্রকল্প পরিচালক (সকল), কলকারখানা ও প্রতিষ্ঠআন পরিদর্শন অধিদপ্তর

৮। জনাব সুকান্ত বসাক, সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় **(পরবর্তি সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো)**

৯-১২। যুগ্ম-মহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন/স্বাস্থ্য/সেইফটি/সাধারণ) কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা

১৩-১৬। উপমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন/স্বাস্থ্য/সেফটি/সাধারণ) কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর,

চলমান পাতা- ১৪

প্রধান কার্যালয়, ঢাকা

১৭-৩৯। উপমহাপরিদর্শক (সকল জেলা), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

৪০। স্টাফ অফিসার টু মহাপরিদর্শক, মহাপরিদর্শকের দপ্তর, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

৪১। সহকারি মহাপরিদর্শক (সকল), প্রশাসন ও উন্নয়ন, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

৪২। আইন কর্মকর্তা, আইন উপশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

৪৩। তথ্য ও গণসংযোগ কর্মকর্তা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

৪৪। পরিসংখ্যান ও গবেষণা কর্মকর্তা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

৪৫। সহকারী মহাপরিদর্শক (সেইফটি)/শ্রম পরিদর্শক (সেইফটি), (ফায়ার/ইলেক্ট্রিক্যাল/স্ট্রাকচারাল) টাস্কফোর্স কমিটি, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, ঢাকা

৪৬। LIMA সাপোর্ট টিম, প্রধান কার্যালয়, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, ঢাকা

৪৭। জনাব সাব্বির আনোয়ার, শ্রম পরিদর্শক (সাধারণ), আইসিটি সেল, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

৪৮। অফিস কপি।

(মোঃ মোর্তজা মোর্শেদ)
উপমহাপরিদর্শক
(প্রশাসন ও উন্নয়ন)

চলমান পাতা-